গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

তারিখ: ——————

স্মারক নং: ৫৮.০৩.০০০০.০২০.১৫.০১৫.২৪

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর নভেম্বর মাসে 'প্রশাসনিক, অপারেশনাল, প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন' বাজেট সংক্রান্ত' বিষয়ের উপর উপপরিচালক ও সহকারী পরিচালকগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	:	বিগ্রেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
তারিখ	:	২০ নভেম্বর, ২০২৪
সময়	:	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ। অধিদপ্তরের কর্মকর্তাগণ সরাসরি এবং অন্যান্য বিভাগ ও জেলার কর্মকর্তাগণ Zoom online platform এ সভায় যুক্ত হন।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে মহপরিচালক মহোদয় সভার কার্যক্রম করা শুরু করেন। তিনি জানান, স্বরাষ্ট্র উপদেষ্টা মহোদয় ঢাকা ও চট্টগ্রাম পরিদর্শনকালীন বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণের উপস্থিতিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের অপারেশনাল কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করেছেন। মহোদয়ের এই প্রশংসার বিষয়টি সকল স্টেশনে পৌঁছানোর জন্য তিনি সকল ডিডি ও এডিগণকে নির্দেশনা প্রদান করেন। সভায় তিনি সাম্প্রতিক সময়ে বিভিন্ন স্টেশন পরিদর্শনের বিষয়ে উল্লেখ করেন। তিনি বলেন, স্টেশন পরিদর্শনে প্রতীয়মান হয়েছে যে, সকলে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করছেন। এজন্য তিনি সকলকে ধন্যবাদ জানান এবং সম্মিলিতভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সকল পর্যায়ে সমস্যা চিহ্নিত করে, সবাইকে সমান গুরুত্ব দিয়ে তা সমাধানের জন্য তিনি সভায় উপস্থিত সকলকে প্রয়োজনীয় নির্দশনা প্রদান করেন।

এ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র:	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	বদলি সংক্রান্ত	চট্টগ্রাম ও সিলেট বিভাগ হতে ফায়ার সার্ভিসে নিযুক্ত কর্মীর সংখ্যা কম। তাই এসব এলাকায় অবস্থিত ফায়ার স্টেশনসমূহে বিদ্যমান পদ অন্য বিভাগের জনবল দ্বারা পূরণ করতে হয়। ফায়ার সার্ভিসের এই সীমাবদ্ধতার বিষয়টি সকলকে বুঝাতে হবে। তবে কারও চাকুরিকাল তিন বছরের অধিক হয়ে গেলে বদলির আবেদন করা হোক বা না হোক, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের কাছে তার বা তাদের বর্তমান কর্মস্থলে নিয়ুক্তির সময়কাল সম্পর্কে বিবরণী প্রেরণ করতে হবে। অধীনদের সমস্যা চিহ্নিত করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। অধীনদের পোস্টিং সমস্যার ব্যাপারে কি উদ্যোগ নেয়া হয়েছে পরবর্তী সভায় এ বিষয়ে এডি/ডিডিদের প্রশ্ন করা হবে। আবেদনকারীগণের মধ্যে যৌক্তিকতা বিবেচনা করতঃ বদলি কার্যক্রম দ্রুত সম্পন্ন করার চেষ্টা করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) উপপরিচালক (সকল বিভাগ)

ক্র:	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
২.	তদবির বা সুপারিশ সংক্রান্ত	তদবির না করার বিষয়ে বার্তা প্রদানের মাধ্যমে সকলকে নিরুৎসাহিত করা হয়েছে। তথাপিও এখনও অনেকে বিভিন্ন মাধ্যমে তদবির করাচ্ছেন, যা শৃঙ্খলা পরিপন্থী। অধীনদের এ বিষয়ে পুনরায় জানাতে হবে তাদের কোনো সমস্যা থাকলে আবেদনের মাধ্যমে তা অধিদপ্তরকে অবহিত করা যেতে পারে। প্রতিষ্ঠানের সম্মান রক্ষার্থে বাহিরের কাউকে হস্তক্ষেপের সুযোগ না দিয়ে নিজেরা সমাধানের চেষ্টা করাই শ্রেয়। তদবিরের বিষয়টি কঠোরভাবে নিয়ন্ত্রণের জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো। যদি কেউ এর ব্যাত্যয় করেন বা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুন্ন করেন তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। কারো বদলি জরুরি হলে প্রয়োজনে মহাপরিচালকের সাথে সাক্ষাৎ করতে পারবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) উপপরিচালক (সকল বিভাগ)
৩.	ফায়ার এক্সটিংগুইসার ব্যবসা, অবৈধ কাজ করা হতে বিরত থাকা সংক্রান্ত	স্টেশন বা দপ্তরের সকলকে নিজ পরিবারের সদস্যদের ন্যায় মূল্যায়ন করতে হবে। স্টেশন অফিসারকে তার স্টেশনের সকল সদস্যের খোঁজ রাখতে হবে। ১৯/১১/২০২৪ তারিখে কাশিনাথপুর ফায়ার স্টেশন, পাবনার ড্রাইভার মোঃ আব্দুর রাজ্জাক ফায়ার এক্সটিংগুইশার রিফিল দুর্ঘটনায় নিহতের জন্য দুঃখ প্রকাশের পাশাপাশি ক্ষোভ প্রকাশ করা হয়। ডিডি রাজশাহীকে এই ঘটনার তদন্ত করে প্রতিবেদন দ্রুত অধিদপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। সকল কর্মকর্তা-কর্মচারীকে নিজ নিজ পর্যায়ে জবাবদিহি প্রদান নিশ্চিত করতে হবে। কাশিনাথপুর ফায়ার স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিহতের ঘটনার পূর্বে তার এহেন কর্মকান্ডের ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছিলেন কিনা; জানিয়ে থাকলে কি পদক্ষেপ নেয়া হয়েছিল , তা যাচাই করা হবে। কোনো সদস্য ফায়ার এক্সটিংগুইশার ব্যবসার সাথে জড়িত থাকলে, তাকে সাবধান করতে হবে। সংশোধন না হলে তাকে দূরবর্তী স্থানে বদলিসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। সকলকে অবৈধ কাজ হতে বিরত থাকার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ কর্তৃক মোটিভেশন ও তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) উপপরিচালক (সকল বিভাগ) সহকারী পরিচালক (সকল) উপসহকারী পরিচালক (সকল) সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার (সকল)
৪.	ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণের কার্যক্রম মনিটিরিং সংক্রান্ত	বেশিরভাগ ওয়্যারহাউজ ইন্সপেক্টর ভালো কাজ করছেন, তাই দেশব্যাপী অগ্নিকান্ডের সংখ্যা কমে এসেছে। তাদের এহেন কাজের জন্য মহাপরিচালক মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন। তাদের পেশাগত দায়িত্ব পালনে প্রয়োজনে গাড়ি ও জনবল দিয়ে সহায়তা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মহাপরিচালক মহোদয় আরও বলেন, তাদের কাজকর্ম মনিটরিং করতে হবে। অবৈধ পন্থা অবলম্বন করা হতে বিরত থাকার জন্য তাদেরকে উৎসাহিত করতে হবে, প্রয়োজনে কাউন্সিলিং করতে হবে।	পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)
৫.	অপারেশনাল কর্মীদের নিরাপত্তা সংক্রান্ত	মাঠ পর্যায়ে অপারেশনাল কাজে নিয়োজিত কর্মীদের নিরাপত্তার দিকে খেয়াল রাখতে হবে। সরকারি কাজে কোনো সদস্য দুর্ঘটনায় পতিত হলে তার চিকিৎসার ব্যাপারে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে। কেউ নিহত হলে তার পরিবারকে সহযোগিতা করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)
৬.	শীতকালীন মহড়া, গণসংযোগ কার্যক্রম বৃদ্ধি এবং ভলান্টিয়ার সম্পৃক্তকরণ সংক্রান্ত	শীতকালে তুলনামূলকভাবে অগ্নি দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পায়। এজন্য দেশব্যাপী অগ্নি প্রতিরোধ সম্পর্কে প্রচার প্রচারণা, মহড়া, গণসংযোগ কার্যক্রম বৃদ্ধিসহ জোরদার করতে হবে। এছাড়া দুর্যোগ দুর্ঘটনা মোকাবিলায় নিয়মিত কর্মীদের পাশাপাশি ভলান্টিয়ারদের সম্পৃক্ততা বাড়াতে হবে। বিশেষ করে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ভলান্টিয়ারদের নতুন ও সতেজকরণ প্রশিক্ষণ নিয়মিত করতে হবে। ভলান্টিয়ারদের সক্রিয় রাখতে সিনিয়র স্টেশন অফিসার ও স্টেশন অফিসারদের নির্দেশ প্রদান করতে হবে।	পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন) পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)

ক্র:	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
৭.	ই-জিপির ব্যবহার ও অডিট আপত্তি সংক্রান্ত	সরকারি পণ্য ও সেবা ক্রয় ই-জিপির মাধ্যমে করতে হবে। আর্থিক ক্ষমতার অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। অডিট আপত্তির ব্যাপারে সতর্ক থাকতে হবে। অডিটে অবহেলাজনিত কারণে ব্যত্যয় পাওয়া গেলে নিজ নিজ পর্যায়ে দেনা পরিশোধ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) উপপরিচালক (সকল বিভাগ) সহকারী পরিচালক (সকল) উপসহকারী পরিচালক (সকল)
৮.	উন্নয়নমূলক কাজ তদারকি সংক্রান্ত	উন্নয়ন কাজের ক্ষেত্রে কাজ শুরু ও শেষের ছবি পরিচালক (প্রশিক্ষণ, উন্নয়ন ও পরিকল্পনা) বরাবর পাঠাতে হবে ও তা সংরক্ষণ করতে হবে। উভয় ছবি মিলিয়ে অতঃপর ঠিকাদারের বিল পরিশোধ করতে হবে। ঠিকাদারদের কাজ তদারকি করতে হবে। অধিদপ্তর কর্তৃক গঠিত মনিটরিং টিম কর্তৃক উন্নয়ন কাজ যাচাই করে বিল প্রদান করতে হবে। সংশ্লিষ্ট পরিচালকগণও এ কাজে পরিচালক (প্রশিক্ষণ, উন্নয়ন ও পরিকল্পনা)-কে সহযোগিতা করবেন।	পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)
৯.	ডুবুরি ও ডিকম্প্রেশন চেম্বার ক্রয় সংক্রান্ত	টার্ন-আউট থেকে আসার পর ডুবুরিদের ৪৮ ঘন্টা বিশ্রাম দিতে হবে। গৃহীত প্রকল্পে ডিকম্প্রেসন চেম্বার ক্রয়ের বিষয়টি সংযোজন করা যায় কিনা তা যাচাই বাছাই করে দেখতে হবে।	পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন) পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)
১০.	সম্পদের হিসাব বিবরণী দাখিল সংক্রান্ত	৩০ নভেম্বরের মধ্যে সম্পদের বিবরণী জমা দিতে হবে। সকল পর্যায়ে বিষয়টি নিশ্চিত করতে হবে। এসংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর সাথে যোগাযোগ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
১১.	সাংগঠনিক কাঠামো পুনর্গঠন ও গ্রেড আপগ্রেডেশন প্রস্তাব সংক্রান্ত	সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের জন্য প্রেরিত প্রস্তাবটি আংশিক সংশোধনপূর্বক পুনরায় সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া গ্রেড আপগ্রেডেশনের প্রস্তাবের উপর আগামী সপ্তাহে ২৬ অথবা ২৭ নভেম্বর তারিখে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের পর তা সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং গঠিত কমিটি
১২.	ঝুঁকিভাতা বৃদ্ধি সংক্রান্ত	প্রচলিত ঝুঁকিভাতা বৃদ্ধি করা যায় কিনা তা কমিটি গঠনের মাধ্যমে যাচাই করতে হবে এবং যাচাইশেষে প্রস্তাব প্রস্তুতকরত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৩.	আবাসিক ভবন নির্মাণ সংক্রান্ত	অগ্রাধিকার ভিত্তিতে সদরঘাট ও মিরপুরে ২টি আবাসিক ভবন নির্মাণের প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)
১৪.	প্রশিক্ষণ সংক্রান্ত	ট্রেনিং কমপ্লেক্স, পূর্বাচল, সিদ্দিকবাজার ফায়ার স্টেশন ও বিভাগীয় পর্যায়ে পরিচালিত প্রশিক্ষণসমূহে অংশগ্রহণকারীগণকে যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। যে বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে তা যেন তারা শতভাগ আত্মস্থ করতে পারে তা নিশ্চিত করতে হবে। এমনভাবে তাদেরকে গড়ে তুলতে হবে যাতে তারা প্রশিক্ষণশেষে স্টেশন পর্যায়ে ফিরে গিয়ে অন্যদের সাথে প্রশিক্ষণলব্ধ জ্ঞান শেয়ার করতে পারে।	পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যক্ষ, টিসি উপপরিচালক (সকল বিভাগ)

ক্র:	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১৫.	বাজেট সংশোধন, ক্ষমতা বিকেন্দ্রীকরণ ও শূন্য পদ পূরণ সংক্রান্ত	সহকারী পরিচালক যশোর সভায় উল্লেখ করেন, বেতন ভাতা খাতে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। বিভিন্ন স্টেশনে সাব-অফিসার/ লিডার দায়িত্বে থাকায় প্রশাসনিক কর্মকান্ড পরিচালনায় অসুবিধা হচ্ছে। স্টেশন অফিসারের শূন্য পদসমূহ দ্রুত পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। মহাপরিচলক মহোদয় জানান যে, সংশোধিত বাজেট নিয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ) কাজ করছেন। ৪৬ জন স্টেশন অফিসার ও ৭ জন স্টাফ অফিসারের নিয়োগ প্রক্রিয়া সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে চলমান রয়েছে। তিনি বদলি ও সংযুক্তির ব্যাপারে বিভিন্ন অসংগতি তুলে ধরে বলেন, এ ব্যাপারে অর্পিত দায়িত্ব যথাযথ পালনের মাধ্যমে আস্থা অর্জন করা গেলে পরবর্তীতে পর্যায়ক্রমে ডিডিদের নিকট এ সংক্রান্ত ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার বিষয়টি বিবেচনা হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৬.	বান্দরবান ফায়ার স্টেশনে উন্নয়ন কাজ সংক্রান্ত	সহকারী পরিচালক বান্দরবান সভায় উল্লেখ করেন, ২০২৩ সালের বন্যায় বান্দরবান সদরসহ তিনটি ফায়ার স্টেশনে পানি উঠে। ব্যারাকের উপরে ফ্লোর তৈরি করা হয়। কিন্তু উক্ত ফ্লোরে কোনো বৈদ্যুতিক ওয়্যারিং করা হয়নি। এ কাজটি করা জরুরিভিত্তিতে করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয় পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)-কে নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
বিগ্রেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২০.১৫.০১৫.২৪ ১৬৭৭৮

তারিখ : ২৪/৭/৩১
০৮/১১/২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পন/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..(সকল)।

৯. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৫. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ...(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ.., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

০৪/১২/২৪

লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)
ও
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)